তারিখ 16 FEB 2016
পৃষ্ঠা 2 কলাম 2

আমাদেরসময়

### শিক্ষা প্রতিষ্ঠানে অতিরিক্ত ফি আদায়

# শিক্ষামন্ত্রী দেশে ফিরলেই ব্যবস্থা

নিজস্ব প্রতিবেদক ■

নির্দেশ দেওয়ার পরও অতিরিক্ত টিউশন ফি এবং এসএসসির ফরম পূরণে অতিরিক্ত অর্থ ফেরত না দেওয়া শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নিতে যাচ্ছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ দেশে ফিরলেই প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে জানা গেছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ অমান্যকারী বেসরকারি প্রতিষ্ঠানগুলোর অনুমোদন ও ব্যবস্থাপনা কমিটি বাতিল করা হতে পারে বলেও জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। কারিগরি শিক্ষা সহযোগিতা আলোচনায় অংশ নিতে তিন দিনের সরকারি সফরে ১৪ ফেব্রুয়ারি সিঙ্গাপুরে যান শিক্ষামন্ত্রী। আজ মঙ্গলবার তার দেশে ফেরার কথা।

শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (মাধ্যমিক) চৌধুরী মুফাদ আহমেদ বলেন, অতিরিক্ত ফি গ্রহণের বিষয়ে বিভিন্ন বোর্ড থেকে তালিকা শিক্ষা মন্ত্রণালয়ে এসেছে। সেগুলো নিয়ে কাজ চলছে। যাচাই-বাছাই করে দেখে তিন ধরনের তালিকা তৈরি করা হচ্ছে জানিয়ে তিনি বলেন, যারা অতিরিক্ত অর্থ নিয়ে ফেরত দিয়েছে, ফেরত দেয়নি ও নিয়েও অস্বীকার করেছে– এই তিন তালিকা নিয়ে কাজ করছি। শিক্ষামন্ত্রী দেশের বাইরে থাকায় নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে সিদ্ধান্ত হয়নি। তিনি আসার পর সিদ্ধান্ত নেব। উল্লেখ্য, ঢাকাসহ বিভিন্ন মহানগরীর শিক্ষাপ্রতিষ্ঠানে নতুন বছরে শিক্ষার্থীদের কাছ থেকে নির্দেশনার বাইরে মাসিক বেতন ও অন্যান্য ফি বাবদ অতিরিক্ত অর্থ নেওয়ার পরিপ্রেক্ষিতে গত ১৭ জানুয়ারি এক আদেশে শিক্ষা মন্ত্রণালয় বর্ধিত বেতন ও অন্যান্য ফি আদায় বন্ধের নির্দেশ দেয়।